http://rangpur.judiciary.org.bd/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়,
রংপুর।

**অফিস আদেশ ঃ**

নং ঃ ১২৮/২০২০ তারিখ ঃ ০১/১১/২০২০ খ্রিঃ।

**বিষয় ঃ** ০২ টি অগ্রিম ইনক্রিমেন্ট মঞ্জুরী বাতিল প্রসঙ্গে।

জেলা জজ আদালত, রংপুর এর লাইব্রেরী সহকারী মৃত আমলগীর হোসেন, চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করায় তাহার সরকারী পাওনাদি উত্তোলনের জন্য ই,এল,পি, সি ইস্যু করার জন্য অত্র কার্যালয়ের গত ২৬/০৭/২০২০ খ্রিঃ তারিখের ২৫/২০২০ নং স্মারকমূলে বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর এর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে সংশ্লিষ্ট কার্যালয়ের গত ১০/০৮/২০২০ খ্রিঃ তারিখের ০৭.০৩.৮৫৭৫.১০২.৩৪. ১৮২.১৯-৫৮ নং স্মারকমূলে মাননীয় জেলা ও দায়রা জজ মহোদয় বরাবর প্রেরিত পত্রে মৃত আলমগীর হোসেন এর জাতীয় বেতন স্কেল ২০১৫ এর বিধান মতে গত ৩০/০১/২০১৯ খ্রিঃ তারিখে প্রদত্ত টাইপ/কম্পিউটার এর অভিজ্ঞতার আলোকে অতিরিক্ত ০২টি ইনক্রিমেন্ট প্রাপ্য নহে মর্মে পত্রে উল্লেখ করা হইয়াছে। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর এর কার্যালয়ে পত্রসহ ফাইলটি সংশ্লিষ্ট কমিটি বরাবর প্রেরণ করা হয়।

সংশ্লিষ্ট কমিটির প্রতিবেদনের আলোকে বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর এর নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তার গত ১০/০৮/২০২০ খ্রিঃ তারিখের ০৭.০৩.৮৫৭৫.১০২. ৩৪.১৮২.১৯-৫৮ নং স্মারকমুলে প্রেরিত পত্র তদসংঙ্গে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ অধিশাখা এর ১২বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/২৫ এপ্রিল ২০১৯ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৬১.০৫.০২৭.১২-১০৪ নং স্মারক পত্র, Ministry of Finance, Finance Division, Implementation wing section-1I1 এর ১৪/০৯/১৯৮৬ খ্রিঃ তারিখের MF-FD (Imp)-3-R(G)-16-83(Pt.1)-161 নং স্মারকের পত্র, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, অধিশাখা-২(কর) এর ০৪ নভেম্বর, ২০১৮ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.০২. ০২৬.১৮ নং স্মারকের পত্র এবং জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান পর্যালোচনা করা হইল। পর্যালোচনায় দেখা যায় যে, জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৪(৩) বিধান মোতাবেক সকল প্রকার ভাতাদি বাতিল করা হইয়াছে বিধায় ০২ টি অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের কোন সুযোগ নেই যাহা অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, অধিশাখা-২(কর) এর ০৪ নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.০২৬.১৮ নং স্মারক পত্র এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ অধিশাখা এর ১২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/২৫ এপ্রিল ২০১৯ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০৫. ০২৭.১২-১০৪ নং স্মারক পত্রের মাধ্যমে স্পষ্টীকরণ করা হইয়াছে। সুতরাং উক্ত পত্রদ্বয়ের বিষয় অবগতিতে না থাকায় Ministry of Finance Division, Implementation wing section-1I1 এর ১৪/০৯/১৯৮৬ খ্রিঃ তারিখের MF-FD (Imp)-3-R(G)-16-83(Pt.1)-161 নং স্মারক পত্র একই মন্ত্রণালয়ের MF-FD (Imp)-3-R(G)-9-86/180 এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তাবায়ন অনুবিভাগ বাস্তবায়ন-৪ অধিশাখার গত ২২/১০/২০০৮ খ্রিঃ তারিখের অম/অবি/(বাস্ত)/সংসদ (সিঃ গ্রেঃ)/২০০৮/১৬৫ নং স্মারক মোতাবেক ১। জনাব মোঃ আলমগীর হোসেন, লাইব্রেরী সহকারী, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর) জেলা জজ আদালত, রংপুর, ২। জনাব শ্রী সুশীল চন্দ্র বর্মন, বেঞ্চ সহকারী (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), সিনিয়র সহকারী জজ আদালত, পীরগঞ্জ, রংপুর, ৩। জনাব মোঃ স্বাধীন ইসলাম, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, রংপুর, ৪। বেগম মোছাঃ কাওছার বানু, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), সিনিয়র সহকারী জজ আদালত, মিঠাপুকুর, রংপুর, ৫। বেগম মুনমুন জাহান, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), সিনিয়র সহকারী জজ আদালত পীরগাছা, রংপুর, ৬। বেগম ফারজানা রসুল, হিসাবরক্ষক, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), সহকারী জজ আদালত, তারাগঞ্জ, রংপুর এর ০২টি অতিরিক্ত ইনক্রিমেন্টের প্রাপ্যতা বিষয়ে প্রদানের সুপারিশ করা হইয়াছিল যাহা আইনসঙ্গত নহে মর্মে সুপারিশ করিয়াছেন। কমিটির সুপারিশের প্রেক্ষিতে অত্রাদালতের গত ৩০/০১/২০১৯ খ্রিঃ তারিখের ৩০/২০১৯ নং অফিস আদেশে বর্ণিত উল্লিখিত অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের মঞ্জুরীকৃত অতিরিক্ত ০২টি ইনক্রিমেন্টের আদেশ এতদ্বারা বাতিল করা হইল। বিধি মোতাবেক মঞ্জুরীকৃত অতিরিক্ত ০২টি ইনক্রিমেন্টের উত্তোলিত অর্থ সরকারের যথাযথ খাতে চালান মূলে ফেরৎ প্রদান করে তার কপি হিসাব শাখায় দাখিলের নির্দেশ দেওয়া গেল। সেই সাথে সংশ্লিষ্ট কর্মচারীদের সার্ভিস বুকে প্রয়োজনীয় নোট দেওয়া হোক এবং বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর-এ জানানো হোক।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
( মোঃ শাহেনূর )
সিনিয়র জেলা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং ২৭৬ (১৯)/২০২০ তারিখ ঃ ০১/১১/২০২০ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

১। বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, রংপুর।
২। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত, বাতায়ন হালনাগাদকরণ সাংক্রান্ত কমিটি, রংপুর।
৩। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ/লাইব্রেরী শাখা, জেলা জজ আদালত, রংপুর।
৪। বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, মিঠাপুকুর/পীরগঞ্জ/পীরগাছা, রংপুর।
৫। বিজ্ঞ সহকারী জজ, তারাগঞ্জ, রংপুর।
৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৭। মৃতঃ আলমগীর হোসেন, লাইব্রেরী সহকারী, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর) জেলা জজ আদালত, রংপুর।
৮। জনাব শ্রী সুশীল চন্দ্র বর্মন, বেঞ্চ সহকারী, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর) সিনিয়র সহকারী জজ আদালত, পীরগঞ্জ।
৯। জনাব মোঃ স্বাধীন ইসলাম, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালত, রংপুর, (বর্তমানে জেলা জজ আদালত, দিনাজপুর), বিজ্ঞ জেলা জজ, দিনাজপুর এর মাধ্যমে।
১০। বেগম মোছাঃ কাওছার বানু, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), সিনিয়র সহকারী জজ আদালত মিঠাপুকুর, রংপুর।
১১। বেগম মুনমুন জাহান, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), সিনিয়র সহকারী জজ আদালত পীরগাছা, রংপুর, (বর্তমানে জেলা জজ, আদালত, গোপালগঞ্জ), বিজ্ঞ জেলা জজ, গোপালগঞ্জ এর মাধ্যমে।
১২। বেগম ফারজানা রসুল, হিসাবরক্ষক, (অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর), সহকারী জজ তারাগঞ্জ, রংপুর। (বর্তমানে সেরেস্তা সহকারী, সহকারী জজ আদালত, কাউনিয়া), রংপুর।
১৩। আদেশ বহি/অফিস ফাইল।

( মোঃ শাহেনূর )
সিনিয়র জেলা জজ
রংপুর।